




দপ্তর আদেশ

বর্তমানে বাংলাদেশে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। ইহা একটি ছোঁয়াচে রোগ। এ অবস্থায় সকলকে সচেতন হওয়া ছাড়া কোন বিকল্প নেই। সাপ্তাহিক ছুটিতে বিজেএমসির অনেক কর্মকর্তা কর্মচারী গণপরিবহনে ঢাকার বাহিরে গমন করেন যার ফলশ্রুতিতে তাদের মাধ্যমে করোনা ভাইরাসের সংক্রমন ঘটার সুযোগ রয়েছে। এমতাবস্থায়, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সাপ্তাহিক ছুটিতে বিজেএমসির কর্মকর্তা কর্মচারীদের ঢাকার বাহিরে গমন না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। একই সাথে যাদের জ্বর/সর্দি-কাশি/গলাব্যথা/শ্বাসকষ্ট ইত্যাদি লক্ষণ রয়েছে তাদেরকে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে অফিসে না আসার জন্য অনুরোধ করা হল।



(মোঃ নাসিমুল ইসলাম)

মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)

অনুলিপি: ই-মেইলযোগে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। সকল বিভাগীয় প্রধান, বিজেএমসি, ঢাকা (অধিনস্থ সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিজেএমসি, ঢাকা (সংস্থার ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ৪। পরিচালক মহোদয়গণের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ৬। অফিস কপি/মাষ্টার ফাইল।